# 2022

## PHILOSOPHY — HONOURS

**Paper : CC-13**

**(Nyāya Logic and Epistemology-II)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০

(ক) 'পরামর্শ' হল

(অ) ব্যাপ্তিবিশিষ্ট পক্ষধর্মতাজ্ঞান (আ) হেতু ও সাধ্যের সম্বন্ধের জ্ঞান

(ই) পক্ষে হেতুর সম্বন্ধের জ্ঞান (ঈ) পক্ষে সাধ্যের সম্বন্ধের জ্ঞান।

(খ) 'বিপক্ষ' হল

(অ) নিশ্চিত সাধ্যবান্ (আ) সন্দিগ্ধ সাধ্যবান্

(ই) নিশ্চিত সাধ্যাভাববান্ (ঈ) কোনোটিই নয়।

(গ) অন্বয়-ব্যতিরেকী হেতুর গমকত্বের প্রযোজক ধর্ম

(অ) তিনটি (আ) চারটি

(ই) পাঁচটি (ঈ) ছয়টি।

(ঘ) সিষাধয়িষা হল অনুমিতির উৎপত্তিতে

(অ) প্রতিবন্ধক (আ) উত্তেজক

(ই) উভয়ই (ঈ) কোনোটিই নয়।

(ঙ) 'শব্দ হল নিত্য কারণ এটি কার্য'— এই অনুমানের হেতু হল

(অ) সব্যভিচার-হেত্বাভাস (আ) সৎপ্রতিপক্ষ-হেত্বাভাস

(ই) অসিদ্ধ-হেত্বাভাস (ঈ) বিরুদ্ধ-হেত্বাভাস।

(চ) পঞ্চাবয়বী ন্যায়ের দ্বিতীয় অবয়বটি হল

(অ) প্রতিজ্ঞা (আ) উদাহরণ

(ই) হেতু (ঈ) উপনয়।

(ছ) প্রাভাকর মীমাংসকদের ভ্রম সম্পর্কিত মতবাদটির নাম

(অ) অন্যথাখ্যাতিবাদ (আ) বিপরীতখ্যাতিবাদ

(ই) অখ্যাতিবাদ (ঈ) কোনোটিই নয়।

Please Turn Over

(জ) অন্নংভট্টের মতে 'ঘট' শব্দটি তার শক্তির দ্বারা যা বোঝায় তা হল

(অ) জাতি (আ) ব্যক্তি

(ই) জাতিবিশিষ্ট ব্যক্তি (ঈ) কোনোটিই নয়।

(ঝ) অর্থাপত্তিকে পৃথক প্রমাণরূপে স্বীকার করার পরিবর্তে কে অনুমান প্রমাণের দ্বারা এর ফল ব্যাখ্যা করেন?

(অ) প্রাভাকর মীমাংসক (আ) নৈয়ায়িক

(ই) ভাট্ট মীমাংসক (ঈ) কোনোটিই নয়।

(ঞ) অন্নংভট্ট তর্কসংগ্রহে উপমিতির 'ব্যাপার' রূপে নির্দেশ করেছেন

(অ) অতিদেশ বাক্যার্থস্মরণকে (আ) সাদৃশ্য জ্ঞানকে

(ই) ব্যাপ্তিজ্ঞানকে (ঈ) কোনোটিই নয়।

(ট) শক্তি হল ন্যায়মতে

(অ) দ্রব্য (আ) গুণ

(ই) সমবায় (ঈ) কর্ম।

(ঠ) জ্ঞাততা লিঙ্গকে অনুমানের দ্বারা জ্ঞানের প্রামাণ্যকে জানা যায়— একথা বলেন

(অ) নৈয়ায়িক (আ) বেদান্তী

(ই) প্রাভাকর মীমাংসক (ঈ) ভাট্ট মীমাংসক।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে *যে-কোনো পাঁচটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৫×৫

(ক) 'ঘটঃ অনিত্যঃ সাবয়বত্বাৎ'— এই অনুমিতির ক্ষেত্রে পঞ্চাবয়বী ন্যায় গঠন করো।

(খ) অন্নংভট্ট অনুসরণে প্রসঙ্গ উল্লেখপূর্বক 'ভূয়োদর্শন' পদটি ব্যাখ্যা করো।

(গ) লক্ষণার অতিরিক্ত গৌণীবৃত্তি স্বীকার করা উচিত নয়— অন্নংভট্টের এই মতটির ব্যাখ্যা করো।

(ঘ) উদাহরণসহ কেবল ব্যতিরেকী লিঙ্গ ব্যাখ্যা করো।

(ঙ) উদাহরণসহ আশ্রয়াসিদ্ধ ও স্বরূপাসিদ্ধ হেত্বাভাসের মধ্যে পার্থক্য ও সাদৃশ্য ব্যাখ্যা করো।

(চ) তর্কসংগ্রহ ও দীপিকা অবলম্বনে শক্তির লক্ষণ ব্যাখ্যা করো।

(ছ) ত্রিপুটী প্রত্যক্ষের সমর্থক কে? তাঁর মতে জ্ঞানের প্রামাণ্য কীভাবে জানা যায়?

(জ) লক্ষণা কাকে বলে? অন্নংভট্টকে অনুসরণ করে বিভিন্ন প্রকার লক্ষণা দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে *যে-কোনো দুটি* প্রশ্নের বিশদে উত্তর দাও ঃ

(ক) তর্কসংগ্রহ অনুসারে অনুমিতির লক্ষণ ব্যাখ্যা করো। উক্ত লক্ষণটিকে কেন এবং কীভাবে দীপিকায় পরিবর্তন করা হয়েছে? বিশদে ব্যাখ্যা করো। ৫+১০

(খ) উপযুক্ত দৃষ্টান্তসহ তর্কসংগ্রহে প্রদত্ত উপমিতির লক্ষণটি ব্যাখ্যা করো। উপমিতিকে কি অনুমিতির অর্ন্তগত করা যায়? অন্নংভট্টকে অনুসরণ করে উত্তর দাও। ৮+৭

(গ) প্রাভাকর মীমাংসকগণ তাঁদের সমর্থিত স্বতঃপ্রামাণ্যবাদের পরিপ্রেক্ষিতে ভ্রমের কী ব্যাখ্যা দেন? অন্নংভট্ট কীভাবে এই মতের সমালোচনা করেন? ১০+৫

(ঘ) তর্কসংগ্রহে প্রদত্ত উপাধির লক্ষণটি ব্যাখ্যা করো। দীপিকায় কয়প্রকার উপাধি উল্লিখিত হয়েছে? দৃষ্টান্তসহ বিশদ ব্যাখ্যা করো। ৩+১২

**[English Version]**

*The figures in the margin indicate full marks.*

1. Answer ***any ten*** of the following questions selecting the correct option : 1×10

(a) Parāmarśa is

(i) *vyāptiviśiṣta-pakṣadharmatā jñāna* (the cognition of the relation of hetu as characterised by *vyāpti* in *pakṣa*)

(ii) The cognition of the relation of *hetu* and *sādhya*

(iii) The cognition of the relation of *hetu* in *pakṣa*.

(iv) The cognition of the relation of *sādhya* in *pakṣa*.

(b) Vipakṣa is

(i) that loci which is characterised by the sure presence of probandum (*sādhya*).

(ii) that loci which is characterised by that probandum which is not certainly present there.

(iii) that loci which is characterised by that probandum which is certainly absent there.

(iv) None of the above.

(c) The properties which are responsible for the validity of *anvaya-vyātirekī hetu* are

(i) three (ii) four

(iii) five (iv) six.

(d) *Siṣādhayisā*, in the origination of *anumiti*, is

(i) *Pratibandhaka* (counteractive agent)

(ii) *Uttejaka* (stimulant)

(iii) Both

(iv) None of the above.

(e) 'Sound is eternal because it is an effect'— the probans (*hetu*) in this inference is

(i) *Savyabhicāra-hetvābhāsa* (ii) *Satpratipakṣa-hetvābhāsa*

(iii) *Asiddha-hetvābhāsa* (iv) *Viruddha-hetvābhāsa*.

(f) The second *avayava* (statement) of five-membered syllogism is

(i) *pratijñā* (ii) *udāharaṇa*

(iii) *hetu* (iv) *upanaya.*

(g) The theory of illusion of the Prābhākāra Mīmāṃsakas is known as

(i) *Anyathākhyātivāda* (ii) *viparītakhyātivāda*

(iii) *Akhyātivāda* (iv) None of these.

(h) According to Annaṃbhatta the word 'Pot' by its *Śakti* refers to

(i) *jati* (universal)

(ii) *vyākti* (individual)

(iii) *jativiśiṣta vyākti* (individual as characterised by universal)

(iv) None of the above.

(i) Instead of accepting *arthāpatti* as a distinct *pramāṇa* who explains its result by *anumāna pramāṇa*?

(i) Prābhākara Mīmāṃsākas (ii) Naiyāyika

(iii) Bhātta Mīmāṃsāka (iv) None of these.

(j) According to Annambhatta in *Tarkasaṃgraha the vyāpare* of Upamiti is

(i) *Atideśavākyārthasmaraṇa* (remembering the meaning of the statement of the forester)

(ii) *Sādrśya-jñāna* (knowledge of similarity)

(iii) *vyāptijñāna*

(iv) None of the above.

(k) *Śakti*, according to Nyāya is

(i) *Duavya* (ii) *Guṇa*

(iii) *Samavāya* (iv) *Karma.*

(l) *Prāmāṇya* of cognition is known by *jñātatāliṇgakarumāna*— it is opined by

(i) Naiyāyika (ii) Vedāntī

(iii) Prabhākār Mīmāṃsaka (iv) Bhātta Mīmāṃsaka.

**2.** Answer briefly ***any five*** questions of the following : 5×5

(a) 'The jar is non-eternal because it has got parts'— Construct the five membered syllogism of this *anumiti*.

(b) Explain with reference to the content, the term *Bhūyodarśaṅa*, after Annaṁbhaṭṭa.

(c) Explain the view of Annaṁbhaṭṭa that 'Gauni' should not be taken as *Vṛtti* in addition to *lakṣanā.*

(d) Explain with example the *kavala-vyātirekī linga.*

(e) Explain with suitable examples, the distinction and similarity between *āśrayāsiddha* and *svarūpāsiddha hetvābhasā.*

(f) Give the definition of Śakti following Tarkasaṁgraha and Dīpikā.

(g) Who is the supporter of *Triputī pratyakṣa*? How the validity of cognition is known by him?

(h) What is meant by *lakṣaṇā*? Explain with examples different types of *lakṣaṇā* following Annaṁbhaṭṭa.

3. Answer in detail ***any two*** of the following questions :

(a) Explain the definition of *Anumiti* after Tarkasaṃgraha. Why and how the definition is amended in Dīpikā? Explain in detail. 5+10

(b) Explain the definition of *Upamiti* given in *Tarkasaṃgraha* with suitable examples. Can *upamiti* be reduced to *Anumiti*? Answer after Annaṁbhaṭṭa. 8+7

(c) What is the explanation of *Bhrama* (illusion) given by the prābhākara Mimāṃsākas in the content of their *Svataḥprāmānyavāda*? How does Annaṁbhaṭṭa criticise their view? 10+5

(d) Explain the definition of *upādhi* as given in Tarkasaṃgraha. How many types of *upādhi* are mentioned in Dīpikā? Explain in detail with examples. 3+12